

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ১৬৭১

পর্ব-৫: জানাযা (كتاب الجنائز)

পরিচ্ছেদঃ ৫. দিতীয় অনুচ্ছেদ - জানাযার সাথে চলা ও সালাতের বর্ণনা

আরবী

وَقَدْ رَوَى فِي «شَرْحِ السُّنَّةِ» : أَنَّ النَّبِيَّ صلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ حَمَلَ جَنَازَةَ سَعْدِ ابْن معَاذ بَين العمودين

বাংলা

১৬৭১-[২৬] আর শারহুস্ সুনাহ্'য় বর্ণিত হয়েছে, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সা'দ ইবনু মু'আয (রাঃ)-এর লাশ দু' কাঠের মাঝে ধরে বহন করেছেন।[1]

ফুটনোট

[1] য'ঈফ : ত্বকাতু ইবনু সা'দ ৩য় খন্ড ৪৩১। কারণ এর সানাদে ওয়াক্কিদী একজন মিথ্যুক রাবী।

ব্যাখ্যা

ব্যাখ্যা: জানাযার খাটিয়া বহন মুসলিমের হক বা অবশ্য করণীয় দায়িত্ব।

ইমাম শাফি ঈ খাটিয়ার সামনে পিছনে এবং মাঝ বরাবর স্থানে কাঁধ লাগিয়ে বহন করাকে সুন্নাত মনে করেন।

ইমাম মালিক বলেন, লোকেরা যেভাবে সুবিধা ও ভাল মনে করে সেভাবেই বহন করবে।

ইবনু কুদামাহ্ চার পায়া বিশিষ্ট খাটিয়ার চার কোনায় চারজন ধরা বা বহন করাই সুন্নাত মনে করেন। ইমাম আবূ হানীফাহ্ (রহঃ)-এরও এটাই মত।

এরপর খটিয়া কয় পায়া বিশিষ্ট হবে কে ডান কাঁধে নিবে কে বাম কাঁধে এর বিস্তারিত বর্ণনা দেখতে চাইলে আল মুগনী কিতাব দেখুন।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত



পাবলিশারঃ হাদিস একাডেমি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন